



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ/ ২৩৯/১৩-৫৩

তারিখঃ ২১ মার্চ ২০১৯

বরাবর

প্রধান প্রতিবেদক/বার্তা সম্পাদক

বিষয়: বাঘাইছড়িতে হত্যাকাণ্ডের ঘটনায় গঠিত তথ্যানুসন্ধান কমিটির ঘটনাস্থল পরিদর্শন কাভারের অনুরোধ

জনাব,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ- এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নেবেন।

গত ১৮ মার্চ রাতে রাজামাটির বাঘাইছড়িতে দুর্বৃত্তদের ব্রাশফায়ারে ৭ জন নিহতের ঘটনায় মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক তাৎক্ষনিক নিম্নলিখিত সদস্যদের নিয়ে একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করেন এবং ০৭ কার্যদিবসের মধ্যে কমিটিকে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন। কমিটি আজ রাত ৭.৩০ টায় চট্টগ্রাম সিএমএইচ-এ আহতদের সাথে সাক্ষাৎ করবে এবং আগামীকাল দুপুর ১২.০০ টায় বাঘাইছড়ি পুলিশ স্টেশন ও হত্যাকাণ্ডের ঘটনাস্থল পরিদর্শনপূর্বক তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন।

জনাব আল মাহমুদ ফায়জুল কবির, পরিচালক (অভিযোগ ও তদন্ত), এনএইচআরসিবি- আহ্বায়ক

জনাব মোঃ শাহ পরাণ, সহকারী পরিচালক (আইন), এনএইচআরসিবি- সদস্য সচিব

উক্ত তথ্যানুসন্ধান কমিটির পরিদর্শন কাভারের জন্য প্রতিবেদক ও আলোকচিত্রী অ্যাসাইনমেন্ট দিতে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ফোনঃ ০১৭৯০৫৩৬৯৩৬